

তারিখ, ৩০শে আষাঢ়, ১৩৯৪/১৫ই জুলাই, ১৯৮৭

এস,আর,ও নং ১৪৭-আইন/৮৭।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশে স্থাপিত এবং

বাংলাদেশ সরকার ও অন্য কোন বিদেশী সরকারের মধ্যে সম্পাদিত চুক্তির আওতায় উক্ত Ordinance এর অধীনে কর অব্যাহতির সুবিধা পাইতে অধিকারী এমন সকল শিল্প ও কৃষি বিষয়ে বিনিয়োগকারী কোম্পানীকে তাহাদের আয়ের উপর প্রদেয় কর হইতে চুক্তিতে উল্লেখিত মেয়াদের জন্য, অব্যাহতি প্রদান করিলেন।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ ছাইদুল হক চৌধুরী
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১১ই মাঘ, ১৩৯৬/২৪শে জানুয়ারী, ১৯৯০ ইং।

এস,আর,ও নং ৩২/আইন/৯০।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৪৭-আইন/৮৭; তারিখ ১৫ই জুলাই, ১৯৮৭ রহিত করিয়া, সরকার বাংলাদেশে স্থাপিত এবং বাংলাদেশ সরকার ও অন্য কোন বিদেশী সরকারের অথবা বিদেশী সরকার কর্তৃক গঠিত কোন বিনিয়োগ সংস্থার মধ্যে সম্পাদিত চুক্তির আওতায় বাংলাদেশের অর্থনীতির যে কোন খাতে বাণিজ্যিক ভিত্তিতে বিনিয়োগকারী কোম্পানীসমূহকে তাহাদের আয়ের উপর প্রদেয় কর হইতে, চুক্তিতে উল্লেখিত মেয়াদের জন্য, অব্যাহতি প্রদান করিলেন।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ একরাম হোসেন

সচিব